# OSHE Newsletter

May - June 2015

Issue No. - 03

## OSHE Workplace Accident Survey Report:

### There were 1088 workers causalities in workplace accident from January to June 2015; Transport, Garments, Construction and Agriculture Workers in peak

600 workers died in workplace accident (Formal Sector - 170 and Informal Sector - 430) and 488 workers were injured (Formal Sector - 225 and Informal Sector - 263) in different workplace accidents from January to June 2015. Among the casualties 971 were male, 106 were female workers and the rest 11 were unidentified.

Bangladesh Occupational Safety, Health and Environment Foundation (OSHE) has revealed this half yearly workplace accident survey report based on regular monitoring of 15 leading national daily newspapers of the country and reports of its field offices in different parts of the country. The national daily newspapers were the Daily Prothom Alo, Ittafaq, Jaijaidin, Naya Diganta, Kaler Kantho, Somokal, Jugantor, Sangbad, Janakantha, Inqualib, The Daily Star, Daily Independent, Daily New Age, Daily Sun and Dhaka Tribune.

As per the findings of newspapers, in formal sector the highest number of workers' casualties 114 took place in RMG (sweater, waving, knitting, spinning, dyeing and composing) sector. Among them died 36 and Injured 78 RMG workers;

see page 02

## Celebrating International May Day 2015: Demands for the Protection of Informal Sector Worker's Rights




There is no law to ensure the rights of the 54.1 million workers in the country. 88 percent of them are informal workers. Among those are - agriculture, construction, domestic, family business, rice mill, brick kiln, garage, land and sea port, transport, furniture, saw-mill, carpenter, welding, auto-mobile, shop, hotel-restaurant, fisheries and livestock farm, poultry, packaging, chemical factory, plastic factory, pharmaceutical, self-employed small and medium sector. These large numbers of labour force in the country are not under the law. As result they are unprotected from labour law. So OSHE Foundation and Karmajibi Nari gave emphasis for protection of informal workers rights.

OSHE Foundation and Karmojibi Nari with associated Ministry of Labour and Employment (MoLE) organized a

see page 02

## OSHE expanded its activities to Aminbazar Waste Resource Workers for development of decent work environment



OSHE organized two sensitization meetings with informal sector worker of waste resource workers of Aminbazar Sanitary Landfill, the second largest waste dumping station in Bangladesh operated by Dhaka North City Corporation. The meeting was held in Karmojibi Shishu School at Kunda, Aminbazar on May 27 and June 9, 2015. The first meeting was chaired by Assistant Director (AD) of OSHE Md. Omar Faruk and moderated by Program Officer (PO) of the project Mrs. Arifa As Alam. Besides the second meeting was held on June 09, chaired by PO Arifa and moderated by Assistant Program Officer (APO) of the project Ms. Shermin Shanta.

The objective of the meeting was to orient about Bangladesh Occupational Health, Safety and Environment Foundation (OSHE) and its goal, to discuss on sensitizing waste resource workers about occupational health and safety as well as organizing the unorganized.

see page 02

# OSHE Survey Report:

After Page 01

besides 67 were male and 47 were female workers. The second highest number of workers' casualties took place in construction sector. There were died 12 and injured 29 workers among them mostly were suffered from building/roof collapse (8 died & 27 injured from building/roof collapse). Besides, 23 workers were died and 13 were injured in service sectors (health, security guard, cleaner, hotel worker, sales man, DESA, WASA etc).

Besides 13 transport workers died and 14 were injured by this time. Among them 07 were died in road accident and 14th were injured by miscreants. In formal sector, among others casualties were steel mill or re-rolling mill workers (20), Plastic factory (12), Shoe factory (12), Brick kiln (12), Rice Mill (12), Pharmaceutical factory (10), Automobile (10), lighter factory (10) and cement factory (8) etc.

Moreover, the ship breaking sector brought about 03 death and 15 injuries. In this sector mostly accident happened fall from height, during hit of iron bar, tear of wire/ winch.

In informal sector, the highest number of workers' casualties (Died - 153 and Injured - 125) took place in transport sector. Among them 103 were died and 13 were injured in road accident whereas 104 were injured and 24 were died by attacks of miscreants or violence. The survey showed that 13 workers were died by hijacker or robber. While the second highest number of workers' casualties (Died - 91 and Injured - 30) in construction (Household related/ personally) sector. The survey showed that in construction sector both formal and informal sector accident happened for electrocution, fall from heights, building/roof collapse etc.

Moreover 82 (natural disaster- 56, electrocution- 10 etc) workers death and 27 (natural disaster- 18, electrocution- 6) injuries were seen in agriculture sector.

Among other, day labour (27), Fisheries (26), domestic workers (23), hawkers (12), stone workers (10), gold smith (6), others workers (19), various mechanic (19) were victimized accident either died or injured.

OSHE workplace accident survey report revealed that major causes of causalities happened for road accident, attacked by miscreants, factory fire, falling from height, electrocution, boiler or water pipe explosion and building/roof/wall Collapse etc.

# May Day 2015:

After Page 01

national seminar on "Worker's rights to protect the legal rights and activities of the informal sector" on celebration of May Day 2015 at VIP Lounge, National press club, Dhaka on 4th May, 2015. Honorable State Minister of MoLE Mr. Md. Mujibul Haque MP presented as Chief Guest. Saki Rezwana Chairperson of OSHE delivered opening speech in the program.

In his Speech, Mr. Mujibul Haque said, present government is much aware of the rights of agriculture workers of the country. All essential initiatives have been taken for the development of these people. The condition of agriculture workers is miserable for not getting fare price of crops and expensive production cost.

Mr. Fazla Hassain Badsha MP, Shirin Akther MP, Syed Ahmed Inspector General (Additional Secretary) of department of Inspection for factories and establishment, Abdul Mukit Khan President of National Co-ordination Committee for Workers Education (NCCWE) were attended the seminar.

Ms. Protima Paul Majumder, President of Karmojibi Nari was presided the seminar while Assistant Director of Md. Omar Faruq presented the key note.

Md. Omar said in his key note that Bangladesh Bureau Statistics (BBS) 2010 and Asian Development Bank (ADB) showed that there are 54.1 million workers in the country. 88 percent of them are informal workers among them 43% are agriculture workers. At national growth of economy it provides 43%. Nonetheless these huge workforces are away from legal rights.

Mr. Fazla Hassain Badsha MP said in his speech that agriculture workers are always deprived from their rights. So he demanded for agriculture labour court.

Ms. Shirin Akter said in her opinion that existing labour law for formal sector should be implemented at field level besides she claimed for different law for informal sector. She also said if want to achieve the Prime Minister announced middle-income country earlier must be given the recognized informal workers.

Joynal Abedin and Shandhya Begum, agriculture workers of Manikganj and Samad Miah and Solema Begum, agriculture workers of Narshingdi demanded ensuring having low price ration as well as providing accidental medical treatment facilities for agriculture workers.

Executive Director of Karmajibi Nari Rokeya Rafique Baby, Assistant Executive Director of Bangladesh Institute of Labour Studies Mr. Syed Sultan Uddin Ahmed, President of Bangladesh Khet Mojur Samity Mr. Samsuzzaman Salim and Subal Sarker, General Secretary of Bangladesh Bhumihin Samity etc were presented the event.

# Aminbazar Waste Resource

Ater Page 01

In the discussion of meeting, Mr. Omar Faruq introduced about OSHE Foundation, its goal, objectives, ongoing activities and projects etc. He said, "OSHE is an NGO but there is no monetary transaction or micro finance related activity." It develops awareness on occupational health and safety issues so that workers from both formal & informal sector do work in a decent working environment with safety. Under this project, local leaders will be elected amidst from waste pickers. OSHE will organize basic leadership and organizing training to develop future skilled leaders so that they would endeavor to ensure decent work for themselves. The speakers also gave emphasis on organizing because organized people are successful people. Besides more initiatives like weekly study circle and health camp after each two months would be organizing within project period etc.

All the participants from Boilapur, Daspara and Kunda took part in the program actively through sharing their knowledge and views. A total of 26 waste pickers; 17 female, 08 male and one child waste pickers were participated in these sensitization meetings.

In this program also presented Mr. Alam Hossain, Manager- Finance and Admin, teachers of Karmojibi Shishu School, Sazzad Kabir Bhuyan, APO and others personnel of OSHE.

## Work Improvement and Occupational Safety & Health in Small Construction Enterprises

# Training of Trainers (ToT)

Bangladesh Occupational Safety, Health and Environment Foundation (OSHE) organized a three days Training of Trainers (ToT) on Work Improvement and Occupational Safety & Health (OSH) in Small Construction Enterprises at Radda MCH-FP Center, Mirpur-10, Dhaka on 19 – 21 May 2015. A total of 30 local and national level leaders were participated in the ToT from Imarat Nirman Sromik Union Bangladesh (INSUB), Bangladesh Building and Wood Workers Federation (BBWWF), Bangladesh Nirman Sromik League (BNSL) and Bangladesh Nirman Sromik Dal (BNSD).

The objective of the ToT was to educate a pool of trainers to provide training on OSH and WISCON to the construction workers at the enterprises level approximately 2500 labour from selected 250 enterprises from Dhaka, Rajshahi and Chittagong. In addition, develop OSH system through rendering ideas among the participants on usage of Personal Protective Equipment (PPE) and good working environment.

The Executive Director of OSHE Foundation Mr. Repon Chowdhury inaugurated the event. He said in his speech, expressed thanks and gratitude to ILO for giving responsibility to be a partner of the 'Way out of Informality' Project to organize ToT program for the construction sector's stakeholders. He said that this training program is for the representatives of the Ministry of Labour and Employment, REHAB, BEF, NCCWE and construction workers' union. He informed that the OSHE Foundation would provide technical support to the local Program Coordinator at small construction enterprises.

At that time Mr. Harunur Rashid, National Project Coordinator, "Way out of Informality" Project, ILO Dhaka office also presented there. In his opening speech, he said that ILO took an initiative to facilitate the formalization of informal economy. He said that most of construction workers did not know about the existing labour laws. He also hoped the number of accidents would be reduced in the construction sector after this project.

Assistant Director of OSHE Md. Omar Faruq gave a brief introduction of the project objectives, implementing partners of




the project, targeted priority sectors of the project, primary aims of the project and primary initiatives to be taken by the project. In his presentation he narrated about safety roles, work improvement in small construction sites, work environment improvement and WISCON checklists. Apart this, 'Technical areas of occupational safety & health and responsibility of enterprise owners/employers' was also discussed.

Mr. Mahfuzur Rahman Bhuiyan, Deputy Chief Inspector General, Department of Inspection for Factories and Establishments discussed on Bangladesh Labour Act, 2006.

During the sessions, numbers of group exercise and presentation were done on 'Identification of priority areas for improvement of work environment in the construction sector' and 'Types of accident occurred during construction work, causes of the accident and way out of its protection/prevention'.

At the closing session Repon Chowdhury, ED of OSHE Foundation hoped that all participants would disseminate their acquired knowledge among their fellow colleagues. Mr. Harunur Rashid, NPC of Way Out of Informality Project of ILO, Mr. Nurul Haque, General Secretary of JNSL, Mr. Noor Hossain, Vice-President of INSUB also presented there.

# A Progress Review Meeting organized with agriculture Organizers

"We are deprived from loan and other opportunities for lacking of education, information, unity and solidarity" said President's Award for Agriculture Development (1990) winner Sheikh Fazlul Haque Kajal. He hoped that, "if we will be organized and work with OSHE, we may raise our problems and barriers in national level, even international level."

A Progress Review Meeting with organizers of 'Promotion of Decent Work for Agriculture Workers in Bangladesh' was held at OSHE Welfare and Training Center on 16 May, 2015 at 11.00am. The program was chaired by Repon Chowdhury, Executive Director of OSHE.

In his speech, Chief Guest Mr. Chowdhury delivered valuable suggestion to the organizers. He said we might help you such way, that you will help and develop yourselves because OSHE Foundation or any others organization would not work with you forever.

He expressed his hope that at least one group leader should be remains in each ward of Chunarughat upazilla. He also begged help and advice from participants to participate 'Agro Fair' organize by upazilla administration. Besides these, he also discussed to set up a fair price shop of agriculture commodities, mass literacy program, getting loan from bank or other financial authorities to go abroad for work and many other issues.

Few organizers also shared their own opinion and views.

See Page 04

## A Study Circle organized for the improvements of work environment for Agriculture Workers

Agriculture sector is one of the driving forces of the economy of Bangladesh. However, agriculture workers are the most marginalized group in the society. They are not aware about their rights, social security, occupational health and safety issues etc. In this perspective, OSHE foundation has been undertaking a pilot project named "Promotion of Decent Work for Agriculture Workers" implemented at Chunarughat, Habigonj.

As part of its ongoing activities, a study circle was held at OSHE Training and Welfare Centre, Chunarughat, Habigonj on 16 June, 2015 with the participation of agriculture workers of Panchhory Asrayon Project of 5 no. Shankhola Union. The purpose of study circle was organizing agriculture workers, sensitizing about occupational safety & health, safe use of pest control etc. There were 17 agriculture workers participated the program among them 5 were female workers.

Sub-Assistant Agriculture Officer of Chunarughat Agriculture Office was presented as trainer. He delivered a valuable presentation on organizing, workers health and personal hygiene. He shared how to use environment friendly pesticides, importance of using natural fertilizers, bad impact of consuming formalin mixed foods. He also gave emphasis on the proper utilization of their own and government unutilized land (khas land) through its cultivation for growing more crops. Mr. Subhan also gave them information about government services given from Upazilla agriculture office and how to get the services easily.




The agriculture workers participation in the program was so spontaneous and active. They shared their experiences, current and good practices of pesticides, OSH related issues according to local situation.

After ending the program, a committee of 17 members of agriculture workers of Panchhory was formed.

## Health Camps for Ship Breaking Workers

Ship breaking is one of the most hazardous sectors in the world. The working conditions in this sector are generally found very ruthlessly with long working hours, overtime, night shifts, extremely heavy physical work due to lack of proper equipment (e.g. lifting), inadequate personal protection equipment (PPE), exposure of hazardous waste and fumes etc are cause of high accident rate and occupational diseases.

Besides, different types of deadly substances like cadmium also exist in this sector. From the very beginning, workers are manually handling these substances, as results workers of ship breaking sectors always suffer from various occupational diseases and fatal & non-fatal accidents.

In this circumstance, Bangladesh Occupational Safety Health and Environment Foundation (OSHE) organized o9 in-door health camps on May 01, 08, 15, 22 & 29 and June 05, 12, 19 and 26 at OSHE Training and Welfare Centre Vatiary, Sitakunda, Chittagong. On the other hand there were 08 out-door health camps on May 04 & 11 at Kadam Rasul Primary School, 06 & 13 at Baroawlia Primary School, 18 & 25 at Madambibirhat and May 20 & 27 at Kumira Government Primary School.

The objectives of the health camp were to provide basic health care, aware workers about health & hygiene and ensure health services at the door steps of the workers.

Dr. Tapan Kumar Nath, General Heath Practitioner provided the ship breaking workers with treatment. The total of 65 workers received the treatment among them 41 were attended at indoor health camps & other 24 were attended at out-door health camps. As per prescription, Assistant Program Officer of OSHE Mr. Saiful Islam distributed free medicines among the beneficiaries.

## Meeting organized with agriculture

(After Page 03)

They said that, agriculture workers of Chunarughat cultivated 3 times crop in a year. At the time, they demanded some agricultural commodities and services for cultivation. They expressed optimism that they would be more organizing, if it is possible to fulfill their common demands. Some of organizers claimed that, Sub-Assistant Agriculture Officers did not intend to go field inspection usually. Even they don't eager to suggest something for the agriculture workers, if they visited to fields. In this regards they requested to OSHE Foundation for support they sought. They thought that, if the officials of agriculture office visit their own block regularly, the agriculture workers would be more benefited.

They also gave valuable suggestion to conduct the project successfully.

Bangladesh Occupational Safety, Health & Enviroment Foundation (OSHE)
Promote human rights of Workers, decent work & sustainable development

Section # 06, Block # A, Lane # 1, House # 19 (1st floor)
Mirpur, Dhaka - 1216, Bangladesh, Tel: +88-02-9032947, 9032948
Fax: +88-02-9032949, E-mail: oshe@agni.com
(Location: Behind the Bangladesh Fire Service and Civil Defense Training Centre - Mirpur 10 circle)

# ওশি বার্তা

মে - জুন ২০১৫

সংখ্যা নং - ০৩


## কর্মক্ষেত্র দুর্ঘটনা সংক্রান্ত ওশি জরিপ

### ২০১৫ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত কর্মক্ষেত্র দুর্ঘটনায় হতাহতের সংখ্যা ১০৮৮ যার মধ্যে নিহত শ্রমিক সংখ্যা ৬০০; হতাহতের শীর্ষে পরিবহন খাত, পোশাক, নির্মাণ ও কৃষি খাত

২০১৫ সালের জানুয়ারী থেকে জুন পর্যন্ত পেশাগত দায়িত্ব পালনকালে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় মোট হতাহতের সংখ্যা ১০৮৮ জন। যার মধ্যে ৬০০ জন শ্রমিক নিহত (প্রাতিষ্ঠানিক খাতে - ১৭০ জন ও অপ্রাতিষ্ঠানিক খাতে - ৪৩০ জন) এবং ৪৮৮ জন শ্রমিক (প্রাতিষ্ঠানিক খাতে - ২২৫ জন ও অপ্রাতিষ্ঠানিক খাতে - ২৬৩ জন) আহত হয়েছেন। হতাহতদের মধ্যে ৯৭১ জন পুরুষ ও ১০৬ জন মহিলা শ্রমিক এবং অবশিষ্ট ১১ জনকে শনাক্ত করা যায়নি।

জানুয়ারি মাসের ০১ থেকে জুনের ৩০ তারিখ পর্যন্ত দেশের ১৫ টি জাতীয় সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনসমূহ পর্যবেক্ষণ এবং ওশির স্থানীয় অফিসসমূহ হতে প্রাপ্ত তথ্যসমূহ বিশ্লেষণ করে ওশি ফাউন্ডেশন কর্মক্ষেত্রে দুর্ঘটনা সর্ম্পকিত এই প্রতিবেদনটি প্রকাশ করেছে। যেসব জাতীয় সংবাদপত্রগুলোর প্রতিবেদন পর্যবেক্ষণ করা হয় সেগুলো হলো - দৈনিক প্রথম আলো, ইত্তেফাক, যায়যায়দিন, নয়া দিগন্ত, কালের কণ্ঠ, সমকাল, যুগান্তর, সংবাদ, জনকণ্ঠ, ইনকিলাব, ডেইলি স্টার, ডেইলি ইনডিপেনডেন্ট, ডেইলি নিউ এইজ, ডেইলি সান এবং ঢাকা ট্রিবিউন।

২য় পৃষ্ঠায় দেখুন

## মহান মে দিবস ২০১৫ উদ্‌যাপন: অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকদের অধিকার সুরক্ষার তাগিদ

দেশে বর্তমানে মোট ৫ কোটি ৪১ লাখ শ্রমিকের অধিকার নিশ্চিতে কোন আইন নাই। তাদের মধ্যে ৮৮.৫ শতাংশই অপ্রাতিষ্ঠানিক খাতের। যাদের মধ্যে রয়েছে– কৃষি, নির্মাণ, গৃহ, পারিবারিক ব্যবসা, চাতাল, ইটভাটা, গ্যারেজ, স্থল ও নৌ-বন্দর, পরিবহন খাত, আসবাব তৈরী, স'মিল, কাঠমিস্ত্রী, ঝালাই, অটোমোবাইল, দোকান, হোটেল-রেস্তোরা, মৎস্য ও গবাদি খামার, পোল্ট্রি, প্যাকেজিং, কেমিক্যাল কারখানা, প্লাস্টিক কারখানা, ঔষধ শিল্প, স্ব-নিয়জিত ইত্যাদি ধরনের ক্ষুদ্র ও মাঝারী খাত। এ বিপুল সংখ্যক শ্রমজীবী মানুষ দেশে প্রচলিত আইনের আওতায় নাই। ফলে অরক্ষিত থেকে যাচ্ছে শ্রম অধিকার। তাই অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকদের অধিকার সুরক্ষার তাগিদ দেন কর্মজীবী নারী ও ওশি ফাউন্ডেশন।




মহান মে দিবস ২০১৫ উদ্‌যাপন উপলক্ষ্যে ৪ঠা মে রাজধানীর জাতীয় প্রেসক্লাবে ওশি ফাউন্ডেশন ও কর্মজীবী নারীর যৌথ উদ্যোগে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহায়তায় "অপ্রাতিষ্ঠানিক খাতের

২য় পৃষ্ঠায় দেখুন

## শোভন কর্মপরিবেশ উন্নয়নে আমিনবাজারের বর্জ্যসম্পদ শ্রমিকদের মাঝে ওশির কার্যক্রম সম্প্রসারণ



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধীনে পরিচালিত দেশের দ্বিতীয় বৃহত্তম "আমিনবাজার বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রের" অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্যসম্পদ শ্রমিকদের নিয়ে গত মে মাসের ২৭ ও জুন মাসের ৯ তারিখে আমিনবাজারের কোন্ডায় অবস্থিত কর্মজীবী শিশু শিক্ষালয়ে মোট ০২টি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ অক্যুপেশনাল সেফটি, হেলথ এন্ড এনভায়রনমেন্ট (ওশি) ফাউন্ডেশনের সহকারী পরিচালক জনাব মোঃ ওমর ফারুকের সভাপতিত্বে এবং বর্জ্যসম্পদ উন্নয়ন প্রকল্পের প্রকল্প কর্মকর্তা আরিফা আস আলমের সঞ্চালনায় গত মে মাসের ২৭ তারিখে প্রথম আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। অন্যদিকে দ্বিতীয় সভায় প্রকল্প কর্মকর্তা আরিফা আস আলমের সভাপতিত্বে এবং সহকারী প্রকল্প কর্মকর্তা শারমিন শান্তার নেতৃত্বে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার মূল উদ্দেশ্য ছিল বর্জ্যসম্পদ শ্রমিকদের ওশি ফাউন্ডেশন-এর বিভিন্ন প্রকল্প কার্যক্রম ও তার লক্ষ্য, উদ্দেশ্য সর্ম্পকে জানানো, শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং অসংগঠিতদের সংগঠিতকরণ ইত্যাদি বিষয়ে আলোচনা করা।

উক্ত আলোচনা সভায় মোঃ ওমর ফারুক সংক্ষেপে

২য় পৃষ্ঠায় দেখুন

## কর্মক্ষেত্র দুর্ঘটনা সংক্রান্ত ওশি জরিপ

১ম পৃষ্ঠার পর

সংবাদপত্রগুলোর প্রতিবেদন পর্যবেক্ষণ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রাতিষ্ঠানিক খাতের মধ্যে পোশাক শিল্প খাতে হতাহতের সংখ্যা সর্বাধিক ১১৪ জন। এর মধ্যে নিহত ৩৬ ও আহত ৭৮ জন শ্রমিকের মধ্যে ৬৭ জন পুরুষ এবং ৪৭ জন নারী।

অন্যদিকে নির্মাণ খাতে নিহত ১২ জন ও আহত ৩৩ জন শ্রমিকের মধ্যে কেবলমাত্র ভবন ধ্বসে নিহত হয়েছে ৮ জন ও আহত ২৭ জন। এছাড়া বিভিন্ন ধরনের সেবা দানকারী প্রতিষ্ঠানে (যেমন- স্বাস্থ্যসেবা, নার্স, নিরাপত্তা কর্মী, পরিচ্ছন্নতা কর্মী, হোটেল শ্রমিক, বিক্রয় কর্মী, ডেসা ও ওয়াসার শ্রমিক ইত্যাদি) নিহত হয়েছে ২৩ জন (এর মধ্যে নিরাপত্তা শ্রমিক-১৭ জন) ও আহত হয়েছে ১৩ জন।

অন্যদিকে পরিবহন খাতে নিহত ১৩ জন যার মধ্যে ৭ জনই নিহত হয়েছে সড়ক দুর্ঘটনায়। আহত ১৪ জনই দুর্বৃত্ত দ্বারা আক্রান্ত। প্রাতিষ্ঠানিক খাতে অন্যান্যদের মধ্যে স্টীল মিল বা রি-রোলিং মিল খাতে হতাহতের সংখ্যা ২০ জন। প্লাস্টিক ফ্যাক্টরি, জুতা কারখানা, ইট ভাটা ও চাতাল শিল্পে; ১২ জন ওষুধ প্রস্তুতকারী কোম্পানি, মোটর গাড়ি সংক্রান্ত শিল্প ও লাইটার ফ্যাক্টরিতে ১০ জন এবং সিমেন্ট ফ্যাক্টরিতে ৮ জন করে শ্রমিক হতাহতের ঘটনা ঘটেছে।

এছাড়া জাহাজ ভাঙ্গা শিল্পে নিহত হয়েছেন ০৩ জন ও আহত হয়েছেন ১৫ জন শ্রমিক। এই খাতের অধিকাংশ দুর্ঘটনা ঘটেছে জাহাজ থেকে পড়ে, লোহা কাটার সময় বা তার ছিঁড়ে।

অনানুষ্ঠানিক খাতের মধ্যে পরিবহন খাতে হতাহতের সংখ্যা সর্বাধিক ২৭৮ জন শ্রমিক (নিহত ১৫৩ জন ও আহত হয়েছেন ১২৫ জন)। এদের মধ্যে সর্বাধিক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে ১০৪ জন ও আহত হয়েছেন ১৩ জন, দুর্বৃত্তকারীর হামলায় আহত হয়েছে ১০৪ জন ও নিহত ২৪ জন পরিবহন শ্রমিক। অন্যদিকে ছিনতাইকারীর আঘাতে নিহত হয়েছেন ১৩ জন।

হতাহতের সংখ্যার বিচারে অপ্রাতিষ্ঠানিক খাতের নির্মাণ সেক্টর ২য় স্থানে (নিহত ৯১ জন ও আহত ৩০ জন)। নির্মাণ সেক্টরে হতাহতের কারণ অনুসন্ধান করে জানা যায় তড়িতাহত বা বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে, উপর থেকে পড়ে যেয়ে বা বিভিন্ন রাসায়নিক/বয়লার/ সিলিন্ডার বিস্ফোরণ অথবা ভবন/ছাদ ধ্বসে অধিক সংখ্যক দুর্ঘটনা ঘটেছে।

এছাড়া কৃষি খাতে নিহত ৮২ জনের মধ্যে প্রাকৃতিক দুর্যোগে নিহত ৫৬ ও বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ১০ জন এবং আহত ২৭ জনের মধ্যে প্রাকৃতিক দুর্যোগে আহত ১৮ ও বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ৬ জন শ্রমিক আহত হয়েছেন।

অন্যান্যদের মধ্যে দিন মজুর ২৭ জন, মৎস্য শ্রমিক ২৬ জন, গৃহ শ্রমিক ২৩ জন, হকার ১২ জন, পাথর শ্রমিক ১০ জন, স্বর্ণ শ্রমিক ৬ জন, বিভিন্ন ধরণের শ্রমিক ১৯ জন, বিদ্যুৎ সহ বিভিন্ন ধরণের মিস্ত্রি ১৯ জন ইত্যাদি।

ওশির কর্মক্ষেত্রে দুর্ঘটনা সংক্রান্ত জরিপ হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী, হতাহতের উল্লেখযোগ্য কারণসমূহ হচ্ছে - সড়ক দুর্ঘটনা, দুর্বৃত্তকারীর আক্রমণ, অগ্নিকান্ড, উপর থেকে পড়ে যাওয়া, বিদ্যুৎস্পৃষ্ট হওয়া, রাসায়নিক/গ্যাস/বয়লার/সিলিন্ডার বিস্ফোরণ এবং দেয়াল/ভবন/ মাটি ধস।

## মহান মে দিবস ২০১৫

১ম পৃষ্ঠার পর

শ্রমিকের অধিকার সংরক্ষণে আইনি সুরক্ষা ও করণীয়" বিষয়ক জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ওশির চেয়ারপার্সন সাকী রিজওয়ানা অনুষ্ঠানটির স্বাগত বক্তব্য প্রদান করেন। প্রধান অতিথির বক্তব্যে মুজিবুল হক চুন্নু বলেন, দেশের কৃষি শ্রমিকদের অধিকার সম্পর্কে বর্তমান সরকার অত্যন্ত সচেতন। তাদের উন্নয়নে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। ফসলের ন্যায্য মূল্য না পাওয়া এবং উৎপাদন খরচ বেশি হওয়ায় কৃষকরা এখন ভালো নেই। তারা বেকায়দায় রয়েছেন। ফলে কৃষি শ্রমিকরা আগের চেয়ে ভালো অবস্থানে থাকলেও প্রকৃত কৃষকরা ফসলের ন্যায্য মূল্য না পেয়ে কৃষিতে আগ্রহ হারিয়ে ফেলছেন।

সেমিনারটিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংসদ ফজলে হোসেন বাদশা, শিরীন আখতার, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহা পরিদর্শক সৈয়দ আহম্মদ, ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশনের সভাপতি আবদুল মুকিত খান।

কর্মজীবী নারীর সভাপতি প্রতিমা পাল মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ওশি ফাউন্ডেশনের সহকারী পরিচালক ওমর ফারুক।

প্রবন্ধে বলা হয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ২০১০ সালের হিসাব অনুযায়ী দেশের শ্রমবাজারে ৫ কোটি ৪১ লাখ শ্রমিক রয়েছেন। মোট শ্রম শক্তির ৮৭% অপ্রাতিষ্ঠানিক খাতে নিয়োজিত যার মধ্যে ৪৭.৩০% শ্রমিক নিয়োজিত কৃষিখাতে। জাতীয় অর্থনীতিতে অপ্রাতিষ্ঠানিক খাত ৪৩% অবদান রাখছে। অথচ এই বিশাল জনশক্তি আইনি অধিকারবঞ্চিত।

ফজলে হোসেন বাদশা এমপি তার বক্তব্যে বলেন, কৃষক ক্ষেতমুজুর বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই কৃষকদের জন্য আলাদা কৃষি আদালত গঠনের দাবি জানান তিনি।

সাংসদ শিরীন আখতার প্রাতিষ্ঠানিক শ্রমিকদের জন্য বিদ্যমান আইনের বাস্তবায়নের পাশাপাশি অপ্রাতিষ্ঠানিক শ্রমিকদের জন্য পৃথক আইন করার দাবি জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রীর ঘোষিত মধ্যম আয়ের দেশ গঠনের আগে অপ্রাতিষ্ঠানিক শ্রমিকদের আইনী স্বীকৃতি দিতেই হবে।

সেমিনারে উপস্থিত কৃষক মানিকগঞ্জের জয়নাল আবেদিন ও সন্ধ্যা বেগম, নরসিংদীর সামাদ মিয়া ও ছোলেমা বেগম কৃষি শ্রমিকদের জন্য স্বল্পমূল্যে নিত্যপণ্যের রেশন প্রাপ্তির নিশ্চয়তা প্রদানসহ দুর্ঘটনাজনিত চিকিৎসা সুবিধা প্রদানের দাবি জানান। উক্ত সেমিনারে আরো উপস্থিত ছিলেন কর্মজীবী নারীর নির্বাহী পরিচালক রোকেয়া রফিক বেবী, বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস্) সহকারী নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দীন আহাম্মদ, জনাব সামছুজ্জামান সেলিম, সভাপতি, বাংলাদেশ ক্ষেতমজুর সমিতি ও জনাব সুবল সরকার, সাধারণ সম্পাদক, ভূমিহীন সমিতি প্রমুখ।

## আমিনবাজারের বর্জ্যসম্পদ

১ম পৃষ্ঠার পর

ওশি ফাউন্ডেশনের পরিচিতি, লক্ষ্য ও উদ্দেশ্য, চলমান কার্যক্রম ও প্রকল্পসমূহ সম্পর্কে পরিচিতি ইত্যাদি তুলে ধরেন। এ সময় তিনি বলেন, ওশি ফাউন্ডেশন একটি এনজিও কিন্তু ওশি থেকে কোন আর্থিক লেনদেন করা হয় না। ওশি ফাউন্ডেশন শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে সচেতন করে যাতে প্রাতিষ্ঠানিক ও অ- প্রাতিষ্ঠানিক উভয় খাতের শ্রমিকরা উন্নত কর্ম পরিবেশে নিরাপদে কাজ করতে পারেন। এই প্রকল্পের আওতায় বর্জ্যসম্পদ শ্রমিকদের মাঝখান থেকে নেতা তৈরি করা হবে এবং তাদের উচ্চতর প্রশিক্ষণ দিয়ে দক্ষ নেতা হিসেবে রূপান্তর করা হবে। যাতে তারা ভবিষ্যতে নিজেরা নিজেদের জন্য শোভন কর্মপরিবেশ নিশ্চিত করতে উদ্যেগী হতে পারে। এ সময় বর্জ্যসম্পদ শ্রমিকদের সংগঠিত হওয়ার উপর গুরুত্বারোপ করেন, কেননা, সংগঠিত মানুষই সফল মানুষ। এছাড়া সাপ্তাহিক পাঠচক্র এবং প্রতি দুইমাস অন্তর অন্তর স্বাস্থ্য শিবিরের মতো নানা কার্যক্রমের আয়োজন করা হবে।

এই আলোচনা সভায় বৈলাপুর, দাসপাড়া এবং কুন্ডা এলাকার শ্রমিকরা উপস্থিত ছিল। এতে মোট ২৬ জন বর্জ্যসম্পদ শ্রমিক অংশগ্রহন করেন। এর মধ্যে ১৭ জন নারী, ০৮ জন পুরুষ ও ০১ জন শিশু শ্রমিক উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ওশি ফাউন্ডেশনের জনাব আলম হোসেন, ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন এবং অন্যান্য কর্মকর্তাগণ।

# ছোট আকারের নির্মাণ প্রতিষ্ঠানে কর্ম পরিবেশ উন্নয়ন এবং পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা




ছোট আকারের নির্মাণ প্রতিষ্ঠানের শ্রমিকদের জন্য বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেলথ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি) গত ১৯-২১ মে ২০১৫ তারিখে মিরপুর ১০-এ অবস্থিত রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে ছোট আকারের নির্মাণ প্রতিষ্ঠানে কর্ম পরিবেশ উন্নয়ন এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ে তিন দিনের প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে। এতে অংশগ্রহণ করেন ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন বাংলাদেশ (ইনসাব), বাংলাদেশ বিল্ডিং এন্ড উড ওয়ার্কার্স ফেডারেশন (বিবিডব্লিউডব্লিউএফ), জাতীয় নির্মাণ শ্রমিক লীগ (জেএনএসএল), জাতীয় নির্মাণ শ্রমিক দলের (জেএনএসডি) জাতীয় ও স্থানীয় পর্যায়ের মোট ৩০ জন নেতাকর্মী।

উক্ত কর্মশালাটির উদ্দেশ্য ছিল ছোট আকারের নির্মাণ প্রতিষ্ঠানের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে একটি প্রশিক্ষক দল তৈরি করা যারা প্রশিক্ষণ শেষে স্ব স্ব এলাকার নির্বাচিত (ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম) মোট ২৫০ টি নির্মাণক্ষেত্র থেকে প্রায় ২৫০০ জন নির্মাণ শ্রমিককে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে পারবেন।

উক্ত কর্মশালাটি উদ্বোধন করেন ওশি'র নির্বাহী পরিচালক রিপন চৌধুরী। তিনি তার উদ্বোধনী বক্তব্যে ওশিকে 'আইএলও অপ্রাতিষ্ঠানিক অর্থনীতি প্রকল্পে'র দ্বিতীয় পর্যায়ের কারিগরী সহায়তাকারী হিসেবে নির্মাণ খাতের শ্রমিকদের সাথে সম্পৃক্তকরণের জন্য আইএলও-কে ধন্যবাদ জানান। তিনি বলেন, এই প্রশিক্ষণ কর্মশালা কার্যতঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, রিহ্যাব, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন ও নির্মাণ শ্রমিক প্রতিনিধিদের জন্য। তিনি আরও বলেন যে, এই প্রকল্পে আইএলও'র সাথে চুক্তি অনুযায়ী ওশি শুধুমাত্র কারিগরী সহায়তা প্রদান করবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন 'আইএলও অপ্রাতিষ্ঠানিক অর্থনীতি প্রকল্পে'র জাতীয় প্রকল্প সমন্বয়ক হারুনুর রশীদ। তিনি বলেন, আইএলও অপ্রাতিষ্ঠানিক অর্থনীতিকে প্রাতিষ্ঠানিকীকরণের উদ্দেশ্যে একটি উদ্যোগ গ্রহণ করেছে। যাতে নির্মাণ শ্রমিকগণ বিদ্যমান শ্রম আইন ও তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, এ প্রকল্প শেষে নির্মাণ খাতে দুর্ঘটনার হার অনেকাংশেই কমে যাবে।

প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালায় ওশি'র সহকারী পরিচালক মোঃ ওমর ফারুক কর্মশালাটির লক্ষ্য, অভিষ্ট দল, বাস্তবায়ন কৌশল, প্রত্যাশিত ফলাফল, স্থায়িত্ব ও প্রতিবন্ধকতাগুলো তুলে ধরেন। এছাড়া তিনি ছোট আকারের নির্মাণ প্রতিষ্ঠানের কর্মপরিবেশ উন্নয়ন, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং উইসকন চেকলিস্ট এবং পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার কারিগরি ক্ষেত্রসমূহ এবং প্রতিষ্ঠানের মালিক/চাকরিদাতার দায়িত্ব ও কর্তব্য নিয়ে বিশদ আলোচনা করেন।

বাংলাদেশ কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপ-পরিদর্শক মোঃ মাহ্‌ফুজুর রহমান ভূইঞা 'বাংলাদেশ শ্রম আইন ২০০৬: স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি ও নিরাপত্তা সম্পর্কে আলোকপাত করেন।

এছাড়া অংশগ্রহণকারীরা নির্মাণ ক্ষেত্রে কর্মপরিবেশ উন্নয়নের জন্য অগ্রাধিকারমূলক ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ করা ও নির্মাণ কাজ চলার সময় দুর্ঘটনার প্রকার, কারণ এবং দুর্ঘটনা থেকে বের হওয়ার উপায় নিয়ে দলগত অনুশীলন ও উপস্থাপনা করা হয়।

এই কর্মশালার সমাপনীতে ওশির নির্বাহী পরিচালক জনাব রিপন চৌধুরী আশাবাদ ব্যক্ত করেন, এই প্রশিক্ষণ কর্মশালা থেকে প্রাপ্ত জ্ঞান শ্রমিকরা তাদের কর্মক্ষেত্রে কাজে লাগাবে এবং সহকর্মীদের সাথে ভাগাভাগি করবেন। এছাড়া আরও উপস্থিত ছিলেন হারুনুর রশিদ, জেএনএসএলের সাধারন সম্পাদক শেখ মোঃ নুরুল হক এবং ইনসাব-এর সহ-সভাপতি নুর হোসাইন।

# কৃষি শ্রমিক সংগঠকদের সমন্বয়ে কৃষি উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত

"শিক্ষা, তথ্য ও একতার অভাবে আমরা ঋণ বা অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হই" বলে আক্ষেপ প্রকাশ করেন রাষ্ট্রপতি কৃষি উন্নয়ন পদক- ১৯৯০ প্রাপ্ত চুনারুঘাট উপজেলার শেখ ফজলুল হক কাজল। "আমরা যদি নিজেরা সংগঠিত থাকি এবং ওশি ফাউন্ডেশনের সাথে কাজ করি, তাহলে আমাদের সমস্যা আমরা জাতীয় পর্যায় এমনকি আন্তর্জাতিক পর্যায়ে উপস্থাপন করতে পারবো" বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

গত ১৬ মে ২০১৫, বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ ওশি ফাউন্ডেশন শ্রম কল্যাণ ও প্রশিক্ষণ কেন্দ্রে কৃষি শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়ন প্রকল্পের অন্তর্ভূক্ত সংগঠকদের নিয়ে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওশি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জনাব এ. আর চৌধুরী রিপন।

এ সময় রিপন চৌধুরী সংগঠকদের বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন- ওশি ফাউন্ডেশন সারা জীবন আপনাদের সাথে কাজ করবে না। এই প্রকল্পের মাধ্যমে "আমরা আপনাদের এমনভাবে সহায়তা করবো, যাতে আপনারা নিজেরা নিজেদের সহায়তা করতে পারেন বা উন্নতি সাধন করতে পারেন।"

তিনি আশা ব্যক্ত করেন, চুনারুঘাট উপজেলার প্রতিটা ওয়ার্ডে একজন করে দল নেতা থাকবেন। এছাড়া উপজেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত ফলদ ও বৃক্ষ মেলায় অংশগ্রহণের ব্যাপারে তিনি সকলের সহায়তা ও পরামর্শ চান। এছাড়াও তিনি ন্যায্যমূল্যে কৃষি উপকরণের দোকান, গণ-স্বাক্ষরতা কর্মসূচি, বিদেশ যাওয়ার ক্ষেত্রে ব্যাংক ঋণ প্রাপ্তি সহযোগিতাসহ বিভিন্ন বিষয়ে আলোকপাত ও দিক-নির্দেশনা প্রদান করেন।

সংগঠকদের মধ্যে কয়েকজন তাদের নিজস্ব বক্তব্য ও মতামত তুলে ধরেন। তারা বলেন, চুনারুঘাটের কৃষি শ্রমিকরা বছরে তিনটি ফসল উৎপাদন করেন। এ সময় তারা কিছু কৃষি উপকরণ ও সেবা দাবী করেন। তারা আশাবাদ ব্যক্ত করেন যে, তাদের সাধারণ চাহিদাগুলো পূরণ করলে তারা আরো বেশি সংগঠিত হবেন। এছাড়া তারা আরো দাবী করেন যে, সরকারী কৃষি কর্মকর্তারা তেমন একটা মাঠ পরিদর্শনে যায় না। গেলেও কি কি করতে হবে সে সম্পর্কে কোনো দিক-নির্দেশনা প্রদান করেন না। তারা ওশি ফাউন্ডেশনকে এ বিষয়ে সহায়তার হাত বাড়াতে অনুরোধ করেন। তারা মনে করেন, কৃষি কর্মকর্তারা যদি নিয়মিত নিজ নিজ ব্লক পরিদর্শন করেন তাহলে কৃষি শ্রমিকরা খুবই উপকৃত হবে।

এছাড়াও সফলতার সাথে কিভাবে প্রকল্প পরিচালনা করা যায়, এ ব্যাপারে তারা বিভিন্ন পরামর্শ প্রদান করেন।

## কৃষি শ্রমিকদের কর্ম পরিবেশ উন্নয়নে 'পাঠচক্র' অনুষ্ঠিত

কৃষিখাত বাংলাদেশের অর্থনীতির অন্যতম চালিকা শক্তি। তথাপি কৃষি শ্রমিকরা সমাজের সবচেয়ে প্রান্তিক জনগোষ্ঠী। তারা তাদের অধিকার, সামাজিক সুরক্ষা, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য ইত্যাদি বিষয়গুলোতে সচেতন নয়। এমতাবস্থায়, ওশি কৃষি শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের জন্য হবিগঞ্জের চুনারুঘাটে "কৃষি শ্রমিকদের জন্য শোভন কর্ম পরিবেশ সুরক্ষা" নামক প্রকল্প বাস্তবায়ন করছে। তার চলমান কার্যক্রম হিসেবে, ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে গত ১৬ জুন,২০১৫ সালে চুনারুঘাট উপজেলার ৫ নং শানখলা ইউনিয়নের পানছড়ি আশ্রয়ন প্রকল্পের কৃষি শ্রমিকদের নিয়ে নিয়মিত পাঠচক্র আয়োজন করা হয়। উক্ত পাঠচক্রের লক্ষ্য ও উদ্দেশ্য ছিল কৃষি শ্রমিকদের সংগঠিতকরণ, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য, কীটনাশকের নিরাপদ ব্যবহার ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। উক্ত পাঠচক্রে পানছড়ি আশ্রয়ন প্রকল্পের ৫ জন নারী শ্রমিকসহ মোট ১৭ জন কৃষি শ্রমিক অংশগ্রহণ করেন।

উক্ত পাঠচক্রে প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন চুনারুঘাট উপজেলার উপ-সহকারি কৃষি কর্মকর্তা আব্দুছ সোবহান। তিনি কৃষি শ্রমিকদের পরিবেশ বান্ধব উপায়ে কিভাবে ফসলি জমিতে কীটনাশক ব্যবহার করা যায়, জৈব সারের ব্যবহারের গুরুত্ব এবং ফরমালিনযুক্ত খাবার গ্রহনের প্রভাব নিয়ে আলোচনা করেন। তিনি নিজস্ব বা সরকারি পরিত্যক্ত জমিতে কিভাবে ফসল চাষ করা যায় তার উপর গুরুত্বারোপ করেন। জনাব সোবাহান সরকার প্রদত্ত উপজেলা কৃষি অফিসের বিভিন্ন সেবা সম্পর্কে তথ্য প্রদান করেন এবং কিভাবে সহজলভ্যভাবে এসব সেবা পাওয়া যায় সে সম্পর্কে আলোকপাত করেন।




পাঠচক্রে কৃষি শ্রমিকদের অংশগ্রহণ ছিল স্বতস্ফূর্ত ও প্রাণবন্ত। এ সময় তারা স্থানীয় অবস্থার প্রেক্ষিতে তাদের বর্তমান ও ভালো অনুশীলন উপস্থাপনের মাধ্যমে অভিজ্ঞতা বিনিময় করেন।

পাঠচক্র শেষে পানছড়ি আশ্রয়ন প্রকল্পের ১৭ সদস্য বিশিষ্ট কৃষি শ্রমিক কমিটি গঠন করা হয়।

## জাহাজ ভাঙ্গা শ্রমিকদের জন্য স্বাস্থ্যসেবা শিবির

পৃথিবীতে ঝুঁকিপূর্ণ যেসব কাজ আছে জাহাজ ভাঙ্গা শিল্প তাদের মধ্যে অন্যতম। এ খাতের শ্রমিকরা সাধারণত বিপজ্জনক কর্ম পরিবেশে কাজ করে যেমন অধিক কর্মঘন্টা, অতিরিক্ত পরিশ্রম/ওভার টাইম, নৈশ পালা, সঠিক সরঞ্জামের (যেমন উত্তোলন) অভাবে মাত্রাতিরিক্ত শারীরিক পরিশ্রম, অপর্যাপ্ত ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি, বিপজ্জনক বর্জ্য ও ধোঁয়ার উন্মেষ ইত্যাদি যা ছোট থেকে মারাত্মক দুর্ঘটনা ও পেশাগত রোগ বালাইয়ের অন্যতম কারণ।



এছাড়া এই খাতে ক্যাডমিয়াম এর মত বিভিন্ন ধরনের মারাত্মক পদার্থের উপস্থিতি বিদ্যমান। শুরু থেকেই এই খাতের শ্রমিকেরা এ জাতীয় বিপজ্জনক পদার্থ অনিরাপদ উপায়ে অপসারণ করে আসছে ফলস্বরূপ এ শিল্পখাতে নিয়োজিত শ্রমিকেরা বিভিন্ন ধরণের পেশাগত রোগ ব্যাধিতে আক্রান্ত হচ্ছে পাশাপাশি শিকার হচ্ছে ছোট বড় মারাত্মক দুর্ঘটনার।

বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেল্থ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি) গত মে মাসের ১, ৮, ১৫, ২২ ও ২৯ এবং জুনের ০৫, ১২, ১৯ ও ২৬ তারিখে ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম এ অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে বিনামূল্যে মোট ০৯ টি আভ্যন্তরিন স্বাস্থ্যসেবা শিবিরের আয়োজন করে। অন্যদিকে গত মে মাসের ০৪ ও ১১ তারিখে কদম রসুল প্রাথমিক বিদ্যালয়ে; ৬ ও ১৩ তারিখে বারআউলিয়া প্রাথমিক বিদ্যালয়, ১৫ ও ১৮ তারিখে মাদামবিবিরহাট এবং ২০ ও ২৭ তারিখে কুমিরা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মোট ০৮ টি আউটডোর স্বাস্থ্যসেবা শিবির পরিচালনা করে।

স্বাস্থ্যসেবা শিবিরগুলোর উদ্দেশ্য ছিলো এ খাতে নিয়োজিত শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান, স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা এবং শ্রমিকদের দোর গোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়া।

ডাঃ জনাব তপন কুমার নাথ, সাধারণ স্বাস্থ্য অনুশীলনকারী মোট ৬৫ জন শ্রমিকের মধ্যে এই চিকিৎসা সেবা প্রদান করেন। এদের মধ্যে ৪১ জন ইনডোর এবং ২৪ জন আউটডোর স্বাস্থ্য শিবিরে অংশগ্রহন করেন। পরবর্তীতে ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী বিনামূল্যে সুবিধাভোগীদের মধ্যে ঔষধ বিতরণ করেন ওশির সহকারী প্রকল্প কর্মকর্তা মোঃ সাইফুল ইসলাম।

বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেল্থ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি)
শ্রমিকের মানবাধিকার, শোভন কাজ ও টেকশই উন্নয়নে অঙ্গিকারাবদ্ধ

সেকশন নং - ০৬, ব্লক - এ, লেন - ০১, বাড়ী নং - ১৯ (প্রথম তলা)
মিরপুর, ঢাকা - ১২১৬, বাংলাদেশ, ফোন: +৮৮-০২-৯০৩২৯৪৭, ৯০৩২৯৪৮
ফ্যাক্স: +৮৮-০২-৯০৩২৯৪৯, ই-মেইল: oshe@agni.com
(স্থান: মিরপুর ১০ সার্কেল এ অবস্থিত বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রশিক্ষণ কেন্দ্রের পিছনে)